

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৭২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

بَابُ السُّتْرَةِ

### আরবী

عَنِ ابْنِ عُمَرَ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَغْدُو إِلَى الْمُصَلَّى وَالْعَنَزَةُ بَيْنَ يَدَيْهِ تُحْمَلُ وَتُنْصَبُ بِالْمُصَلَّى بَيْنَ يَدَيْهِ فَيصلي إِلَيْهَا. رَوَاهُ البُخَارِيِّ تُحْمَلُ وَتُنْصَبُ بِالْمُصَلَّى بَيْنَ يَدَيْهِ فَيصلي إِلَيْهَا. رَوَاهُ البُخَارِيِّ

#### বাংলা

এ অধ্যায়ে সুতরার বর্ণনা এসেছে। আর সুতরাহ্ (সুতরা) হলো, সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারী তার সামনে যা পুঁতে রাখে। সেটা লাঠি অথবা তীর অথবা অন্য কিছু হতে পারে। এটা দেয়ার উদ্দেশ্য হলো, সালাত আদায়কারীর সাজদার জায়গার ভেতর দিয়ে যাতে কেউ যাতায়াত না করে এবং মুসল্লীর দৃষ্টি এর বাইরে না যায়। ইবনুল হুমাম ফাতহুল কাদীরে উল্লেখ করেন, সুতরার উদ্দেশ্য হলো সালাত আদায়কারীর মনোযোগকে একনিষ্ঠ করে রাখা।

৭৭২-[১] ('আবদুল্লাহ) ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকালে স্ট্রদগাহে চলে যেতেন। যাবার সময় তাঁর সাথে একটি বর্শা নিয়ে যাওয়া হতো। এ বর্শা সামনে রেখে তিনি সালাত আদায় করতেন। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৯৭৩, ইবনু মাজাহ ১৩০৪, স্নানুল কুবরা লিল বায়হাকী ৬১৬৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আনাযাহ্ বলা হয় সুতরাকে, যা লাঠির চেয়ে লম্বা এবং তীরের চেয়ে খাটো। এটাকে মুসল্লার সামনে পুঁতে রাখা হয়। এটা মুসল্লার সামনে থাকে। বুখারীর রিওয়ায়াতে এসেছে, ঈদের দিন নাবী সাল্লাল্লাহ্ আলাইহি



ওয়াসাল্লাম সামনে সুতরাহ্ (সুতরা) রেখে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন এবং তিনি এ সুতরাকে তাঁর সামনে পুঁতে রাখাতেন। উল্লেখ্য যে, সালাত আদায়কারী ব্যক্তির সামনে পুঁতে রাখা হয় এমন লম্বা জিনিসকেই সুতরাহ্ বলে। যদিও তা ছোট হয়। আর এ সুত্রার সামনে দিয়ে অন্যান্য লোকের যাতায়াত করাতে কোন অসুবিধা নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন